

স্মারক নং- ৩৩.০১.২৭২১.০০০.১৪.০৫৯.২১-১১০১

তারিখ: ০৯/১২/২০২১ খ্রি.

## কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) সংযুক্তকরণ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নায়ী “প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প”-এর অধীনে প্রকল্পকালীন মেয়াদের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বীরগঞ্জ উপজেলায় ০১ (এক) জন কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) সংযুক্ত করা হবে। যোগ্য প্রার্থীদের নিকট হতে (১) নাম, (২.ক) পিতার নাম, (২.খ) মাতার নাম, (৩) বর্তমান ঠিকানা, (৪) স্থায়ী ঠিকানা, (৫) মোবাইল নম্বর, (৬) এনআইডি নম্বর, (৭) জাতীয়তা, (৮) ধর্ম, (৯) জন্ম তারিখ, (১০) ০৯/১২/২১ খ্রি. বয়স, (১১) বৈবাহিক অবস্থা, (১২) শিক্ষাগত যোগ্যতা, (১৩) প্রশিক্ষণ (যদি থাকে), (১৪) অভিজ্ঞতা (যদি থাকে) সম্বলিত কম্পিউটার কম্পোজকৃত আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। অত্রহী প্রার্থীদেরকে আগামী ২০/১২/২০২১ খ্রি. তারিখের মধ্যে প্রকল্প পরিচালক, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা বরাবর কম্পিউটার কম্পোজকৃত আবেদনপত্র ২০/১২/২১ খ্রি. তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। হার্ড কপি পাশাপাশি একটি সফট কপি (শুধুমাত্র আবেদনপত্র both doc & PDF format with 3 Copy PP size Photo JPG/PNG Format) ulobirganj@gmail.com এই ইমেইল আইডিতে উল্লিখিত সময়সীমার মধ্যে প্রেরণ করতে হবে। আংশিক/অসম্পূর্ণ/সফট কপি ব্যতিত/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

### কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচনে বিবেচ্য বিষয়সমূহ :

- ১) ডিপিরিং সংস্থান মোতাবেক ভাতা/পারিশ্রমিক প্রদেয় হবে এবং নির্বাচিত CEA উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে তার উপর অর্পিত দায়িত্ব পালন করবেন। কর্মঠ ও উদ্যোগী বেকার যুবক/যুব মহিলাদের এবং কম্পিউটার পরিচালনায় দক্ষ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।
- ২) প্রার্থীকে বীরগঞ্জ উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনপত্র জমাদানের শেষ তারিখে প্রার্থীর বয়স ২০-৪৫ বছর হতে হবে।
- ৩) প্রাণিসম্পদ অধিদপ্তরের সমাপ্ত উন্নয়ন প্রকল্পসমূহের প্রার্থীগণের জন্য বয়স শিথিলযোগ্য এবং তাদেরকে অগ্রাধিকার দেয়া হবে।
- ৪) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি বা সমমান পাস হতে হবে।
- ৫) প্রাণিসম্পদ অধিদপ্তর বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৬) ছাত্র/ছাত্রী অথবা অত্রদপ্তর বা অন্য কোন দপ্তর/প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তি কমিউনিটি এক্সটেনশন এজেন্ট পদে অযোগ্য বলে বিবেচিত হবেন।
- ৭) আদালত কর্তৃক দোষী সাবস্ত অথবা অপ্রকৃতস্থ ব্যক্তি কমিউনিটি এক্সটেনশন এজেন্ট পদে অযোগ্য বলে বিবেচিত হবেন।

সংযুক্ত কাগজপত্র : শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি, নাগরিকত্বের সার্টিফিকেট, এনআইডি কার্ডের সত্যায়িত ফটোকপি, ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

(ডা. মোঃ ওসমান গনি)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

ও

সদস্য সচিব

কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন কমিটি  
বীরগঞ্জ, দিনাজপুর; টেলিফোন: ০২৫৮৯৯২৮৩৭৫

স্মারক নং- ৩৩.০১.২৭২১.০০০.১৪.০৫৯.২১-১১০১(৬)

তারিখ: ০৯/১২/২০২১ খ্রি.

সদয় অবগতি ও নোটিশ বোর্ডে টানানের জন্য অনুরোধসহ অনুলিপি:

- ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর।
- ৩) উপজেলা কৃষি অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর।

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ৪) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিনাজপুর।
- ৫) প্রকল্প পরিচালক, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, ডিএলএস, ঢাকা।
- ৬) অফিস কপি।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

ও

সদস্য সচিব

কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন কমিটি  
বীরগঞ্জ, দিনাজপুর